**গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার**
মহিলা ও শিশুবিষয়কমন্ত্রণালয়
বাংলাদেশশিশুএকাডেমি
দোয়েল চত্বর সড়ক
শাহবাগ, ঢাকা-১০০০
www.shishuacademy.gov.bd

"শেখহাসিনারবারতা
নারী-পুরুষসমতা"

স্মারক নং: ৩২.০৩.০০০০.১০০.১৬.০০৫.২১-২৬৬৫(২)    তারিখ : ২১.১০.২০২১ খ্রি.

**বিষয় : ই গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ/সেবাসহজীকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়া সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৯৪ তারিখ : ০৭ অক্টোবর ২০২১ খ্রি.

ই গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী বাংলাদেশ শিশু একাডেমির ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ০৩ (তিন) ফর্দ।

২১.১০.২০২১

জ্যোতি লাল কুরী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ শিশু একাডেমি।
ফোন : +৮৮০২২২৩৩৮৯০৬১
ইমেইল: dgbsa64@gmail.com

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>অনুলিপি</u> :

১. প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

# বাংলাদেশ শিশু একাডেমির ২০২১-২০২২ অর্থবছরের ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়া

| ক্র. নং | দপ্তরের নাম | ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/ সেবা সহজীকরণ/ সেবা ডিজিটাইজেশন আইডিয়ার নাম | সংক্ষিপ্ত বিবরণ | যৌক্তিকতা | প্রত্যাশিত ফলাফল | উদ্ভাবক (বৃন্দের) নাম, মোবাইল, পদবি, কার্যালয়, ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | বাংলাদেশ শিশু একাডেমি | ই-লাইব্রেরি ব্যবস্থাপনা (উদ্ভাবনী উদ্যোগ) | করোনা মহামারীর সময়টাতে পুরো বিশ্বের মতো বাংলাদেশও প্রাথমিক পর্যায়ে কিছুটা থমকে গিয়েছিল; থমকে গিয়েছিল শিক্ষা ব্যবস্থাও। মাননীয় প্রধানমন্ত্রীর সুনির্দিষ্ট দিক-নির্দেশনায় যা পরবর্তীতে ডিজিটাল প্লাটফর্মে সুষ্ঠভাবে সম্পন্ন করা সম্ভব হয়েছিল। অনলাইন শিক্ষা ব্যবস্থার ফলে শিশু-কিশোররা ইতোমধ্যেই ডিজিটাল ফরমেটের সাথে পরিচিতি লাভ করেছে। বিভিন্ন ধরণের ডিজিটাল ডিভাইস (মোবাইল ফোন, ট্যাব, ল্যাপটপ, কম্পিউটার ইত্যাদি) ব্যবহারে শিশুরা নিজেদের সক্ষমতা অর্জন করেছে। করোনাকালীন এই সময়ের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে বাংলাদেশ শিশু একাডেমি প্রকাশিত বইসমূহ নিয়ে ই-লাইব্রেরি ব্যবস্থাপনা কাযক্রম শুরু করা যেতে পারে। এর ফলে বিশ্বের যেকোন প্রান্তে বসবাসকারী বাংলা ভাষাভাষী মানুষ তাদের সন্তানদের হাতে খুব সহজেই বাংলা বই তুলে দিতে পারবে। কপিরাইট ইস্যু থাকার কারণে প্রাথমিক পর্যায়ে বাংলাদেশ শিশু একাডেমি প্রকাশিত বইসমূহ পিডিএফ, ইপাব ফরমেটে প্রকাশ করা হবে। পরবর্তীতে অন্যান্য প্রকাশনার শিশুবান্ধব বইসমূহ ই-লাইব্রেরি ব্যবস্থাপনায় কপিরাইট মেইনটেইন করে সংযুক্ত করা যেতে পারে। ই-লাইব্রেরি ব্যবস্থাপনায় ভার্চুয়াল ট্যুরের মাধ্যমে বিশ্বের যেকোন প্রান্ত থেকে শেখ রাসেল শিশু গ্রন্থাগারের বিভিন্ন কর্ণার যেমন- বঙ্গবন্ধু কর্ণার, নজরুল কর্ণার, রবীন্দ্র কর্ণার, অডিও-ভিজ্যুয়াল কর্ণার এবং ব্রেইল কর্ণার পরিদর্শন করতে পারবে। | ব্যস্ততার কারণে অভিভাবকগণ তাদের সন্তানদেরকে পর্যাপ্ত পরিমাণ সময় দিতে পারেন না। শিশুরাও তাদের প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি অন্যান্য সৃজনশীল কাযক্রমের সাথে সংস্পৃক্ত থাকে । ফলে ইচ্ছা থাকা সত্ত্বেও তারা সময়, দুরুত্ব, আসা-যাওয়ার জটিলতা ইত্যাদি নানাবিধ কারণে গ্রন্থাগারে এসে বই পড়তে পারে না। ই-লাইব্রেরি ব্যবস্থাপনার মাধ্যমে শিশুরা তাদের সুবিধাজনক সময়ে নিজেদের পছন্দমতো বই, ম্যাগাজিন ইত্যাদি পড়ার সুযোগ পাবে। এক্ষেত্রে তারা তাদের নিজস্ব ডিজিটাল (মোবাইল ফোন, ট্যাবলেট , ল্যাপটপ, কম্পিউটার ইত্যাদি) ডিভাইসের মাধ্যমে সহজেই গ্রন্থাগার ব্যবহারের সুবিধা পাবে। | • শিশুরা তাদের পছন্দমত বই নির্বাচন করে পড়তে পারবে।<br>• বই পাঠের প্রতি আরো বেশি আগ্রহী হবে।<br>• ই-ফরমেট ডাউনলোড করে সংরক্ষণ করতে পারবে।<br>• বিশ্বের যেকোন প্রান্তের বাংলা ভাষাভাষী মানুষ এই ই-লাইব্রেরি ব্যবস্থাপনায় বই পাঠের সুবিধা পাবে।<br>• সহজেই বহনযোগ্য।<br>• সংরক্ষণের ঝামেলা নেই ও আর্থিকভাবে সাশ্রয়ী।<br>• একসাথে অনেকে শেয়ার করে পড়তে পারে।<br>• দূরবর্তী শিক্ষণ বিষয়ে শিক্ষার্থীরা দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করতে পারবে।<br>• সুনাগরিক হিসেবে নিজেকে গড়ে তুলতে সক্ষম হবে। | জনাব রেজিনা আক্তার, লাইব্রেরিয়ান, বাংলাদেশ শিশু একাডেমি, কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা। মোবাইল নং : ০১৭১৫-২৬৭৩৮৩ ইমেইল : razinaalam_999@yahoo.com |

২১.১০.২০২১
মো. ইফতেখারুল আলম
সদস্য সচিব, ইনোভেশন টিম

অভিজিৎ বসাক
সভাপতি ও ইনোভেশন অফিসার

# বাংলাদেশ শিশু একাডেমির ২০২১-২০২২ অর্থবছরের ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়া

| ক্র.নং | দপ্তরের নাম | ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/ সেবা সহজীকরণ/ সেবা ডিজিটাইজেশন আইডিয়ার নাম | সংক্ষিপ্ত বিবরণ | যৌক্তিকতা | প্রত্যাশিত ফলাফল | উদ্ভাবক (বৃন্দের) নাম, মোবাইল, পদবি, কার্যালয়, ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২. | বাংলাদেশ শিশু একাডেমি | "মুক্তিযুদ্ধের গল্প শুনি" (উদ্ভাবনী উদ্যোগ) | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর এই শুভলগ্নে নতুন প্রজন্মকে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের সঠিক ও সত্য ইতিহাস সম্পর্কে জানানোর জন্য বাংলাদেশ শিশু একাডেমি "মুক্তিযুদ্ধের গল্প শুনি" শীর্ষক আয়োজনের পরিকল্পনা গ্রহন করেছে। শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধের চেতনায়, দেশপ্রেমে উজ্জীবিত করার লক্ষ্যে তথ্য ও জ্ঞানভিত্তিক সমাজ গঠনে এবং শিশু-কিশোরদের মধ্যে পাঠাভ্যাস বৃদ্ধি করার ক্ষেত্রে এই পাঠচক্র গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। দেশের যেকোন প্রান্ত থেকে ১ম থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা এই আয়োজনে অংশগ্রহন করতে পারবে। বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক নির্বাচিত একজন কর্মকর্তা/মেনটর থাকবেন যিনি অনুষ্ঠানটি পরিচালনা করবেন। আগ্রহী শিক্ষার্থীরা অনলাইন/অফলাইন প্রক্রিয়ায় রেজিস্ট্রেনের মাধ্যমে অংশগ্রহন করবে। দেশে বা বিদেশে অবস্থানরত যেকোন মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গরা অনলাইনে/অফলাইনের মাধ্যমে তার যুদ্ধস্মৃতি নতুন প্রজন্মের নিকট তুলে ধরবেন। সিডিউল অনুযায়ী পাঠচক্রটি পরিচালিত হবে। অংশগ্রহনকারী সকর শিক্ষার্থীদেরকে ডিজিটাল সার্টিফিকেট প্রদান করা হবে। | শিশু-কিশোরদেরকে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সঠিক ও সত্য ইতিহাস সম্পর্কে জানাতে এবং এর মাধ্যমে তারা মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেমে উজ্জীবিত হয়ে নিজেদেরকে যোগ্য সুনাগরিক হিসেবে গড়ে তুলতে পারে সে লক্ষ্যেই এ অনুষ্ঠানটির আয়োজন করা হবে। | • শিশু-কিশোরা বাঙালি জাতীয়তাবাদ, স্বাধিকার আন্দোলন, জাতির পিতার জীবন ও সংগ্রাম, মুক্তিযুদ্ধের সঠিক ও সত্য ইতিহাস সম্পর্কে জানবে।<br>• মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেমে উজ্জীবিত হয়ে নিজেদেরকে যোগ্য সুনাগরিক হিসেবে গড়ে তোলার দিক-নির্দেশনা পাবে।<br>• জ্ঞান ও তথ্যভিত্তিক সমাজ গঠনে শিশু-কিশোররা ভূমিকা রাখবে।<br>• দৃঢ় প্রত্যয়ী ও আত্মবিশ্বাসী হবে।<br>• দূরবর্তী শিক্ষণ বিষয়ে শিক্ষার্থীরা দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করতে পারবে। | জনাব রেজিনা আক্তার, লাইব্রেরিয়ান, বাংলাদেশ শিশু একাডেমি, কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা। মোবাইল নং : ০১৭১৫-২৬৭৩৮৩ ইমেইল :razinaalam_999@yahoo.com |

২১.১০.২০২১
মো. ইফতেখারুল আলম
সদস্য সচিব, ইনোভেশন টিম

২১/১০/২১
অভিজিৎ বসাক
সভাপতি ও ইনোভেশন অফিসার

# বাংলাদেশ শিশু একাডেমির ২০২১-২০২২ অর্থবছরের ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/সেবাসহজীকরণ/সেবা ডিজিটাইজেশন আইডিয়া

| ক্রমিক নং | দপ্তরের নাম | ধারণাকৃত উদ্ভাবনী উদ্যোগ/ সেবা সহজীকরণ/ সেবা ডিজিটাইজেশন আইডিয়ার নাম | সংক্ষিপ্ত বিবরণ | যৌক্তিকতা | প্রত্যাশিত ফলাফল | উদ্ভাবক (বৃন্দের) নাম, মোবাইল, পদবি, কার্যালয়, ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩. | বাংলাদেশ শিশু একাডেমি | প্রশিক্ষণ কোর্সের ভর্তির প্রক্রিয়া সহজীকরণ (সেবা সহজীকরণ) | প্রশিক্ষণ কোর্সের ভর্তি ফরম ও নির্দেশিকা বাংলাদেশ শিশু একাডেমির ওয়েবসাইট থেকে তথ্য ডাউনলোড করে অথবা সরসরি অফিস থেকে সংগ্রহের পর ফরম পূরণ করে নির্ধারিত ভর্তি ফি মহাপরিচালক বাংলাদেশ শিশু একাডেমি, হিসাব নং- এসটিডি ০২০০০০২৫৭৭২৮৯, অগ্রণী ব্যাংক লিমিটেড, ঢাকার যেকোন শাখায় জমা দেওয়ার পর মূল রশিদ সহ পূরণকৃত ফরম সাংস্কৃতিক বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা। | অল্প সময়ে ও কম খরচে সহজেই ভর্তি কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে। | • আর্থিক সাশ্রয় হবে।<br>• সময় কম লাগবে।<br>• স্বাস্থ্যবিধি মেনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হবে। | মোসাম্মৎ নাসরীন আকতার<br>প্রশাসনিক অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি, কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা।<br>মোবাইল নং : ০১৭১১-২০৬৬১৮<br>ইমেইল<br>:bsaao.nasreen@gmail.com |
| ৪. | বাংলাদেশ শিশু একাডেমি | বই বিক্রির সফটওয়্যার তৈরি ও ব্যবহার (সেবা ডিজিটাইজেশন) | বাংলাদেশ শিশু একাডেমি প্রকাশিত বই এবং শিশু পত্রিকা বর্তমানে ক্যাশ মেমোর মাধ্যম বিক্রয় করা হয়। এতে সময়ের অপচয় হয়। বই এবং শিশু পত্রিকা বিক্রয়ের সফটওয়্যার তৈরি ও ব্যবহার করা হলে অল্প সময়ে খুব সহজে বই বিক্রয় ও বিপণন কার্যক্রম সম্পন্ন করা যাবে। | অল্প সময়ে সহজে বই এবং শিশু পত্রিকা বিক্রয় ও বিপণনের কাজ সম্পন্ন করা সম্ভব হবে। | • দ্রুত সময়ে বই ও পত্রিকা বিক্রয়<br>• বিক্রিত বইয়ের অর্থের হিসাব সংরক্ষণ | জনাব মো. ইফতেখারুল আলম<br>প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি, কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা।<br>মোবাইলনং : ০১৭১৫-৪৭৩৩১০<br>ইমেইল :<br>iftekharulalam28@gmail.com |

২২.১০.২০২১
মো. ইফতেখারুল আলম
সদস্য সচিব, ইনোভেশন টিম

২২/১০/২১
অভিজিৎ বসাক
সভাপতি ও ইনোভেশন অফিসার